গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ২২/০১/২০২৪খ্রি:, বেলা ০২.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানানো হয়।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) জনাব বিকাশ বিশ্বাস জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে ২০২৪-২০২৫ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ অর্থবছরের প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থাপিত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা হয়। জননিরাপত্তা বিভাগের পরিকল্পনা অনুবিভাগ, অধিদপ্তরের কর্মকর্তাগণসহ অর্থ বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করেন। ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জনের জন্য সর্বোচ্চ প্রচেষ্টা করা হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগণ তাদের বক্তব্যে উল্লেখ করেন।

০৪। বাহিনীর অপারেশনাল সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত পেট্রোল, ওয়েল ও লুব্রিক্যান্ট, অস্ত্র ও গোলাবারুদ, নিরাপত্তা সামগ্রী, মোটরযান, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বেতার সরঞ্জামাদি, কম্পিউটার সফটওয়্যার ক্রয় ইত্যাদি খাতে চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল মর্মে সভায় উপস্থিত অধিদপ্তরের প্রতিনিধিগণ মতামত ব্যক্ত করেন।

৫। আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৫.১ আলোচনান্তে পরিকল্পনা অনুবিভাগের অতিরিক্ত জনাব এস.এম রেজাউল মোস্তাফা কামাল ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন বাজেটে ৫০০,০০,০০,০০০/- (পাঁচশত কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দের অনুরোধ জানান।

৫.২ অতিরিক্ত আইজিপি আবু হাসান মুহাম্মদ তারিক জানান, পরিচালন বাজেটে বাংলাদেশ পুলিশের পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট, চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি,অস্ত্র ও গোলাবারুদ, খাদ্য দ্রব্য, পোশাক, গোয়েন্দা নিরাপত্তা সমগ্রী, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি এবং ভূমি অধিগ্রহণ ও ক্রয় খাতে অতিরিক্ত ২৪০১,৮৩,৯০,০০০/- (দুই হাজার চারশত এক কোটি তিরাশি লক্ষ নব্বই হাজার) টাকা বরাদ্দ করা প্রয়োজন।

৫.৩ বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আলী রেজা মোহাম্মদ আসাদুজ্জামান, বিজিবিএমএস, এনডিসি, পিএসসি জানান, চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি, নিরাপত্তা সমগ্রী, কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ, পোষাক, মোটাযান (মেরামত), বেতার সরঞ্জামাদি, ভূমি অধিগ্রহণ ও ক্রয়, আবাসিক ভবনসমূহ ও অনাবাসিক ভবনসমূহ খাতে ২০৭,২৫,০০,০০০/- (দুইশত সাত কোটি পঁচিশ লক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করেন।

৫.৪ বাংলাদেশ কোস্ট গার্ড এর কমান্ডার জনাব সাজিদ আতাউর রহমান জানান, বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন খাতে প্রস্তাবিত ৭৬৫,৯২,০৭,০০০/- (সাতশত পঁয়ষট্টি কোটি বিরানব্বই লক্ষ সাত হাজার) টাকা খুবই অপ্রতুল। তিনি কোস্ট গার্ডের জন্য অতিরিক্ত ৩২৫,৫১,৩২,০০০/- (তিনশত পঁচিশ কোটি একান্ন লক্ষ বত্রিশ হাজার) টাকা বরাদ্দের আহবান জানান।

চলমান পাতা-২

৫.৫ আনসার ও ভিডিপি অধিদপ্তর এর পরিচালক জনাব সাজেদুর রহমান জানান, আনসার ও ভিডিপি অধিদপ্তরের অপারেশনাল সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, খাদ্যদ্রব্য, গোয়েন্দা, অনুষ্ঠান/উৎসবাদি, অন্যান্য ভবন ও স্থাপনা, কল্যাণ অনুদান, কম্পিউটার সফট্ওয়্যার, ভূমি অধিগ্রহন/ক্রয়, অন্যান্য ভবন ও স্থাপনা(মেরামত), অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি এবং দৈনিক/খোরাকী ভাতা খাতে ১৫৬,৩২,২৬,০০০/- (একশত ছাপান্ন কোটি বত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার) অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

৫.৬ অর্থ বিভাগের প্রতিনিধি যুগ্মসচিব জনাব রওনক জাহান সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নের মাধ্যমে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য বিভিন্ন কোডে বাজেট এন্ট্রির গুরুত্বারোপ করেন। সিডি, ভ্যাট বাবদ বকেয়া না রাখার নিমিত্ত মোটরযান, অস্ত্র ও গোলাবারুদ ক্রয়ের সময় সিডি, ভ্যাটবাবদ প্রয়োজনীয় অর্থের হিসাব নিরুপন করে ক্রয় সম্পন্ন করার আহবান জানান। ব্যবস্থাপনা ব্যয়, সম্মানী, পুরস্কারসহ বিভিন্ন কোডে অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত নীতিমালা অনসরণ করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। আগামী ২৫ জানুয়ারী তারিখের মধ্যে আইবাসে বাজেট এন্ট্রির কাজ সমাপ্ত করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

০৬। দপ্তর/অধিদপ্তরের অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। চলমান আর্থিক অবস্থাসহ সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। অর্থ বিভাগ কর্তৃক আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি সরকারের নির্বাচনী ইশতেহারে উল্লিখিত স্মার্ট আইনশৃঙ্খলা বাহিনী গঠনের জন্য সংশ্লিষ্ট কোডে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রাখার প্রতি গুরুত্বারোপ করেন। সভাপতি বাজেট বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ মোতাবেক বার্ষিক ক্রয়পরিকল্পনা প্রণয়নের প্রতি আহবান জানান।

০৭। <u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়</u> :

৭.১ আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট প্রাক্কলন প্রণয়নে অর্থ বিভাগের পরিপত্র ও নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে।

৭.২ আগামী ২০২৪-২০২৫, ২০২৫-২০২৬ এবং ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন খাতের বাজেট প্রাক্কলন এবং প্রক্ষেপণের বিভাজন নিম্নবর্ণিত ছক ক, খ ও গ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

'ছক-ক'

<u>রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপণ</u>

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন | ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ | ২০২৬-২০২৭ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৬,৩৭,২৮ | ১৬,৮৬,১২ | ১৭,৭০,৪২ | ১৮,৫৮,৯৪ |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৮৪৬,৩১,২২ | ৮৭১,৭০,০০ | ৯১৫,২৮,৫০ | ৯৬১,০৪,৯২ |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৭,৬২,১০ | ২৮,৪৪,৯৬ | ২৯.৮৭,২৭ | ৩১,৩৭,০৫ |
| ৪ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৩,৩০,০০ | ৩,৩৯,৯০ | ৩,৫৬.৮৯ | ৩,৭৪,৯৩ |
| ৫ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৬,৮৭,৪০ | ১৭,৩৮,০২ | ১৮,২৪,৯২ | ১৯,১৬,১৬ |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি | ৯১০,৪৮,০০ | ৯৩৭,৭৯,০০ | ৯৮৪,৬৮,০০ | ১০৩৩,৯২,০০ |

চলমান পাতা-৩

ছক-খ

পরিচালন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা ও অতিরিক্ত চাহিদা

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রাক্কলন | ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণ | ২০২৬-২০২৭ অর্থবছরের প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১৩,৯৮,০০ | ১৮০,৯৭,৭৬ | ২৭৮,৭০,৮৮ | ২৯৯,৮০,৪৫ |
| ২ | তদন্ত সংস্থা | ১২,০০,০০ | ১২,৩০,০০ | ১৩,০০,০০ | ১৪,০০,০০ |
| ৩ | এনটিএমসি | ২৮২,৪৭,০০ | ২৯০,০০,০০ | ৩১০,০০,০০ | ৩৩০,০০,০০ |
| ৪ | বাংলাদেশ পুলিশ | ১৬৬৩৭,৪৬,৫৫ | ১৭২৫৪,৭৭,৬৮ | ১৮৪২৫,১৬,০০ | ১৯৭১৪,৯২,০০ |
| ৫ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৪০৯০,৮৩,৫৮ | ৪২৪৯,০১,৫০ | ৪৫৩০,৪০,০০ | ৪৮৪৭,৫২,০০ |
| ৬ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৭৪০,০২,০০ | ৭৮০,৯২,০৭ | ৮২০,৫৩,০০ | ৮৭৮,০০,০০ |
| ৭ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ২১০৩,৯২,৮২ | ২১৯২,৫৬,৫৭ | ২৩৩০,০০,০০ | ২৪৯৩,১০,০০ |
| | মোট= | ২৩৯৮০,৬৯,৯৫ | ২৪৯৬০,৫৫,৫৮ | ২৬৭০৭,৭৯,৮৮ | ২৮৫৭৭,৩৪,৪৫ |

ছক-গ

উন্নয়ন খাতের প্রাক্কলন/প্রক্ষেপণ

(কোটি টাকায়)

| ক্র নং | অধিদপ্তর | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ |
| ১. | জননিরাপত্তা বিভাগ | ১০০.০০ | ১১০.০০ | ১২০.০০ |
| ২. | পুলিশ অধিদপ্তর | ১১২৩.৫৮ | ৪৬৭.০০ | ৯৪৯.৫৯১৭ |
| ৩. | বর্ডার গার্ড | ৫৭.৩১৬৭ | ৪১৩.১৮৬২ | ২০০.০০ |
| ৪. | কোস্ট গার্ড | ৫৩০.৯১৭৫ | ৯৪২.৩০৫০ | ৭৮৭.৭২৩৮ |
| ৫. | আনসার | ৫৫.০০ | ৬৫.০০ | ৮০.০০ |
| | সর্বমোট = | ১৮৬৬.৮১৪২ | ১৯৯৭.৪৯১২ | ২১৩৭.৩১৫৫ |

৭.৩ আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটে পরিচালন বাজেটে ৩০৯০,৯২,৪৮,০০০/- (তিন হাজার নব্বই কোটি বিরানব্বই লক্ষ আটচল্লিশ হাজার) টাকা এবং উন্নয়ন খাতে ৫০০,০০,০০,০০০/- (পাঁচশত কোটি) টাকাসহ মোট ৩৫৯০,৯২,৪৮,০০০/- (তিন হাজার পাঁচশত নব্বই কোটি বিরানব্বই লক্ষ আটচল্লিশ হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব যৌক্তিকতাসহ ডিও পত্রের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৭.৪ সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ এ উল্লিখিত স্মার্ট আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গঠনকল্পে ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা-৪

৭.৫ আগামী ২০২৪-২০২৫ অর্থবছরের MBF এ বিভিন্ন প্রস্তাবনা/সংযোজন/সংশোধন বিষয়ে যৌক্তিকতা পর্যালোচনাপূর্বক বাস্তবধর্মী প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৮.৬ সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন ও বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে পিপিআর এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়নপূর্বক এ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.২০.০১৮.২০২৩-

তারিখঃ ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

১। -------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব,আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৮৪৯

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.২০.০১৮.২০২৩- ৪০৩/৮(৪)

তারিখঃ ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২৩/০১/২০২৪
(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব